

স্মারক নং:- ৩২.০১.৮১৩৪.০০০.১৬.২৭৬.২৬-১২৬

তারিখঃ ১২/০৩/২০২৬খ্রি.

“প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় পর্যায়)” প্রকল্পের আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে তিন মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্সে নিম্নোক্ত দুটি ট্রেডে ২০ জন করে মোট ৪০ জন প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে।

ক্রমিক নং	ট্রেড কোর্সের নাম	সংখ্যা	আবেদনপত্র গ্রহণ ও জমা দেওয়ার তারিখ	সাক্ষাৎকার গ্রহণের সম্ভাব্য তারিখ
০১	ফ্যাশন ডিজাইন	২০ জন	২৪/০৩/২০২৬ খ্রি.	০১/০৪/২০২৬ খ্রি.
০২	বিউটিফিকেশন	২০ জন	হতে ৩১/০৩/২০২৬ খ্রি.	সকাল ১০.০০ ঘটিকা

শর্তাবলীঃ


০১. প্রার্থীকে নির্ধারিত ফরমে আগামী ৩১/০৩/২০২৬ খ্রি. তারিখের মধ্যে আবেদন করতে হবে।
০২. প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণি পাশ হতে হবে।
০৩. প্রার্থীর বয়স ১৮-৪০ বছর হতে হবে।
০৪. প্রার্থীর জাতীয় পরিচয়পত্র থাকতে হবে। (জন্ম নিবন্ধন গ্রহণযোগ্য নয়)
০৫. ভূমিহীন/০.১৫ শতকের কম জমির মালিক/অতি সামান্য আয়/অনিয়মিত আয়/আর্থিকভাবে দুঃস্থ/বিধবা/তালাকপ্রাপ্তা (প্রমাণপত্র সংযুক্ত করতে হবে)/স্বামী পরিত্যক্তা/স্বামী থেকে বিচ্ছিন্ন তবে তালাক প্রাপ্ত নয়/কর্মক্ষমতাহীন স্বামীর স্ত্রী অগ্রাধিকার পাবেন।
০৬. প্রার্থীকে প্রশিক্ষণ গ্রহণে শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে। কোন প্রকার ছোঁয়াচে রোগ থাকলে, গর্ভবতী হলে বা যাদের সন্তানের বয়স ৪ বছরের কম এমন মহিলাদের আবেদন করার প্রয়োজন নেই।
০৭. ইতিপূর্বে আইজিএ প্রকল্প হতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন এমন মহিলার আবেদন গ্রহণযোগ্য নয়।

আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজ সংযুক্ত করতে হবেঃ

০১. পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি রঞ্জিন সত্যায়িত ছবি ০২. জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ০২ (দুই) কপি ফটোকপি ০৩. শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি ০৪. নাগরিকত্ব সনদ

উল্লেখ্য যে,

- ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী হতে ফরম জমা দেওয়ার সময়/নোটিশ বোর্ডের মাধ্যমে সাক্ষাতকারের তারিখ জানিয়ে দেয়া হবে। এজন্য কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।
- খ) ভর্তি পরীক্ষার ফলাফল নোটিশ বোর্ডের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।
- গ) প্রশিক্ষণার্থীদের সপ্তাহে ৫দিন সকাল ১০:০০ টা হতে ৪:০০ টা পর্যন্ত প্রশিক্ষণ কেন্দ্রে অবস্থান করতে হবে।
- ঘ) প্রশিক্ষণ চলাকালীন অনুপস্থিত প্রশিক্ষণার্থীকে অপেক্ষমান তালিকা হতে স্থলাভিষিক্ত করা হবে।
- ঙ) প্রশিক্ষণার্থীদের চূড়ান্ত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সনদপত্র প্রদান করা হবে।


১২.০৩.২৬

নিলুফার ইয়াসমিন

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
গোদাগাড়ী, রাজশাহী।

☎ ০২৫৮৮-৮৭৯৩৭০

Email: godagari.uwao@gmail.com

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. প্রকল্প পরিচালক, উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) প্রকল্প (২য় পর্যায়), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০২. উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
০৩. উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী।
০৪. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী।
০৫. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী।
০৬. সভাপতি/সম্পাদক,.....প্রেসক্লাব, গোদাগাড়ী, রাজশাহী।
০৭. অফিস কপি।